

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৩১

কুমারঘাট, ২৪ এপ্রিল, ২০২৫

কৈলাসহরে রক্তদান শিবিরে স্বেচ্ছায় রক্ত দিলেন ৪৫ জন

উনকোটি জেলা প্রশাসনের উদ্যোগে আজ কৈলাসহর সার্কিট হাউসে এক স্বেচ্ছা রক্তদান শিবিরের আয়োজন করা হয়। শিবিরে ৪৫ জন রক্তদান করেন। শিবিরের উদ্বোধন করে উনকোটি জেলা পরিষদের সভাপতি অমলেন্দু দাস বলেন, মানবতার শ্রেষ্ঠ সেবা হল রক্তদান। রক্তদান অন্য সব দানের চাইতেও মহৎ। তিনি বলেন, রক্তাল্পতার মুমূর্ষ রোগীকে একমাত্র রক্তদানের মাধ্যমেই বাঁচানো সম্ভব। ধর্ম-বর্ণ নির্বিশেষে সব অংশের মানুষকে রক্তদানে উদ্বুদ্ধ হতে তিনি আহ্বান জানান। সবাইকে স্বাগত জানিয়ে জেলাশাসক দিলীপ কুমার চাকমা বলেন, রক্তের চাহিদা পূরণ একমাত্র মানুষই করতে পারে। রক্তদানের মধ্যে যে আনন্দ তা কোথাও পাওয়া যায় না। বিভিন্ন দপ্তরের কার্যালয়গুলোকে যুক্ত করে সারা বছরের জন্য রক্তদানের একটি ক্যালেন্ডার তৈরী করা হবে বলেও জেলাশাসক জানিয়েছেন। অনুষ্ঠানে সিএমও ডা. শীর্ষেন্দু চাকমা বলেন, মুমূর্ষ রোগীর প্রাণ বাঁচানোর জন্য রক্তদান অত্যন্ত গুরুত্বপূর্ণ। এছাড়া বক্তব্য রাখেন অতিরিক্ত জেলাশাসক অর্ধ সাহা। উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলাশাসক এল দার্লৎ, সিনিয়র ডেপুটি মেজিস্ট্রেট বিজয় সিনহা প্রমুখ।
